বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন

(পেট্রোবাংলা)

# সাধারণ আর্থিক পদ্ধতি এবং আর্থিক ক্ষমতা অর্পণের ম্যানুয়েল

# (General Financial System and Delegation of Financial Powers Manual)

পেট্রোসেন্টার
৩ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা
ঢাকা-১২১৫

---

পেট্রোবাংলা পরিচালনা পর্ষদ এর ২৮/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫০৬ তম বোর্ড সভায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ১৬/০৮/২০১৫ তারিখের পরিপত্র নং-০৭.১১১.০৩১.২০১০/৫৭৫-৫৭৬ এবং সর্বশেষ জারিকৃত ০৬/১২/২০১৬ তারিখের পরিপত্র নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৬-৬৪৮ মোতাবেক পেট্রোবাংলা পরিচালনা পর্ষদ, চেয়ারম্যান, উর্ধ্বতন কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা এবং অধীনস্থ কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদ, প্রধান নির্বাহী, প্রকল্প পরিচালক/ব্যবস্থাপক এর প্রদত্ত আর্থিক ক্ষমতা প্রদান সংক্রান্ত পেট্রোবাংলার বিদ্যমান সাধারণ আর্থিক পদ্ধতি এবং আর্থিক ক্ষমতা অর্পণের ম্যানুয়েল হালনাগাদ করা হয়।

# সাধারণ আর্থিক পদ্ধতি
# এবং
# আর্থিক ক্ষমতা অর্পণের ম্যানুয়াল
## সূচি


| ক্রমিক নং | বিবরণ | | শিডিউল নং | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| ১ | সংজ্ঞা | | ১ | ১ |
| ২ | পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক আর্থিক ক্ষমতা সংক্রান্ত সাধারণ নির্দেশিকা | | ২ | ২-৩ |
| ৩ | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক স্পেশাল গাইড লাইন ও নির্দেশনা বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়সমূহ | | ৩ | ৪ |
| ৪ | পেট্রোবাংলার অর্থ পরিদপ্তরের মতামত গ্রহণযোগ্য বিষয়সমূহ | | ৪ | ৫ |
| ৫ | পূর্ত, মালামাল, ইক্যুইপমেন্টস্, স্পেয়ারস্ ও মেশিনারিজ ক্রয় কার্য পরিচালনা করার নির্দেশনা | | ৫ | ৫ |
| ৬ | আর্থিক ক্ষমতার বিশেষ হস্তান্তর: | | | |
| | ক. | প্রধান কার্যালয়: | | |
| | (ক) | পূর্ত কাজ অনুমোদনের ক্ষমতা | ৬ | ৬ |
| | (খ) | পণ্য/সরঞ্জামাদি/যন্ত্রপাতি ক্রয় অনুমোদনের ক্ষমতা | ৭ | ৬ |
| | (গ) | পরামর্শক সেবা অনুমোদনের ক্ষমতা | ৮ | ৭ |
| | (ঘ) | দরপত্র বিজ্ঞপ্তি ব্যতিরেকে কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা | ৯ | ৭ |
| | (ঙ) | দরপত্র বিজ্ঞপ্তি ব্যতিরেকে সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা | ১০ | ৮ |
| | (চ) | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদার-এর নিকট হতে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) এর মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা | ১১ | ৮ |
| | (ছ) | একক উৎস হতে পরামর্শকগণ/উপদেষ্টাগণ-কে নিয়োগের ক্ষমতা | ১২ | ৯ |
| | (জ) | মূল প্রাক্কলনে উল্লিখিত মূল্যের অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা | ১৩ | ৯ |
| | (ঝ) | ভূমি, ভবন ও সম্পদ/সম্পত্তি ক্রয়ের ক্ষমতা | ১৪ | ১০ |
| | (ঞ) | পরিবহন, আসবাবপত্র, অফিস সরঞ্জাম এবং অন্যান্য মূলধনী ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের ক্ষমতা | ১৫ | ১০ |
| | (ট) | চুক্তি স্বাক্ষর করার অ্যাটর্নি ক্ষমতা | ১৬ | ১১ |
| | (ঠ) | ক্ষতি অবলোপনের ক্ষমতা | ১৭ | ১১ |
| | (ড) | অগ্রিম/নির্বাহকৃত ব্যয় অনুমোদনের ক্ষমতা | ১৮ | ১২ |
| | (ঢ) | অফিসের সাধারণ ব্যয় অনুমোদনের ক্ষমতা | ১৯ | ১৩-১৬ |
| | (ণ) | বিল পাশ করার ক্ষমতা (বৈদেশিক মুদ্রা) | ২০ | ১৭ |
| | (ত) | সংস্থার অকেজো মালামালসমূহ নিলামে বিক্রয় করার নিমিত্ত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংক্রান্ত | ২১ | ১৭ |
| | খ. | পেট্রোবাংলার অধীন প্রকল্পসমূহ: | | |
| | (ক) | প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা | ২২ | ১৮-২০ |
| | গ. | কোম্পানিসমূহ: | | |
| | (ক) | কারিগরি/পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক/তথ্য/টেলিযোগাযোগ কার্যাদির | ২৩ | ২১ |
| | | | | |

| ক্রমিক নং | | বিবরণ | শিডিউল নং | পৃষ্ঠা |
|---|---|---|---|---|
| | | কারিগরি অনুমোদনের ক্ষমতা | | |
| | (খ) | পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক কার্যাদির প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা | ২৪ | ২১ |
| | (গ) | কারিগরি/পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক/তথ্য/টেলিযোগাযোগ কার্যাদির দরপত্র গ্রহণের ক্ষমতা | ২৫ | ২২ |
| | (ঘ) | মূল প্রাক্কলন/কার্যাদেশ/চুক্তিমূল্যে উল্লিখিত মূল্যের অধিক অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা | ২৬ | ২২ |
| | (ঙ) | স্থানীয় ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা | ২৭ | ২৩ |
| | (চ) | বৈদেশিক ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা | ২৮ | ২৩ |
| | (ছ) | স্থানীয় ক্রয় সংক্রান্ত দরপত্র গ্রহণ এবং অনুমোদনের ক্ষমতা | ২৯ | ২৪ |
| | (জ) | বৈদেশিক ক্রয় সংক্রান্ত দরপত্র গ্রহণ এবং অনুমোদনের ক্ষমতা | ৩০ | ২৫ |
| | (ঝ) | সাধারণ অফিস ব্যয় অনুমোদনের ক্ষমতা | ৩১ | ২৬ |
| | (ঞ) | পরিবহন, আসবাবপত্র, সাজ-সরঞ্জাম, অফিস সরঞ্জাম এবং অন্যান্য মূলধনী ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা | ৩২ | ২৭ |
| | (ট) | চুক্তি স্বাক্ষর করার অ্যাটর্নি ক্ষমতা | ৩৩ | ২৭ |
| | (ঠ) | ক্ষতি অবলোপনের ক্ষমতা | ৩৪ | ২৮ |
| | (ড) | কোম্পানির অব্যবহার্য মালামালসমূহ নিলামে বিক্রয়ের প্রশাসনিক এবং আর্থিক অনুমোদনের ক্ষমতা | ৩৫ | ২৮ |
| ৭ | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি | | | ২৯-৫০ |

## সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গে কোন কিছু না থাকলে নিম্নোক্তভাবে সংজ্ঞা/অর্থ প্রকাশ করবে:

১) 'প্রশাসনিক' অনুমোদন অর্থ পেট্রোবাংলার কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদন বুঝাবে।

২) 'সাবসিডিয়ারি' অর্থ একটি কোম্পানি যার অধিকাংশ ইক্যুইটি শেয়ার সংস্থা ধারণ করে অথবা সংস্থা কোম্পানিটির পরিচালকগণকে সরাসরি নিয়োগ করার ক্ষমতাপ্রাপ্ত।

৩) 'বোর্ড' অর্থ পেট্রোবাংলার পরিচালকমন্ডলীর বোর্ড এবং 'কোম্পানি বোর্ড' অর্থ সাবসিডিয়ারি কোম্পানির পরিচালকমন্ডলীর বোর্ড।

৪) 'চেয়ারম্যান' অর্থ করপোরেশনের চেয়ারম্যান।

৫) 'কোম্পানি' অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ এর আওতায় গ্যাস, পেট্রোলিয়াম এবং অন্যান্য খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ কার্যাদিতে নিয়োজিত এবং হাইড্রোকার্বন সম্পদের সঞ্চালন ও রূপান্তরের কোম্পানি।

৬) 'উপযুক্ত কর্তৃপক্ষ' অর্থ বোর্ড অথবা অন্য কোন কর্তৃপক্ষ যার কাছে সংশ্লিষ্ট ক্ষমতা অর্পিত অথবা সংস্থার চেয়ারম্যান এবং কোম্পানির ক্ষেত্রে কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ।

৭) 'নিয়ন্ত্রণকারী কর্মকর্তা' অর্থ ডিভিশনাল/ডিপার্টমেন্টাল প্রধান অথবা অন্য কোন কর্মকর্তা যার কাছে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট ক্ষমতা অর্পিত।

৮) 'করপোরেশন' অর্থ ১৯৮৫ সালের অর্ডিন্যান্স ১১ সেকশন-৩ এর আওতায় গঠিত বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন। করপোরেশনটি পেট্রোবাংলা নামেও অবহিত।

৯) 'ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধান' অর্থ করপোরেশনের একজন কর্মকর্তা যার কাছে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ডিভিশনাল/ডিপার্টমেন্টাল প্রধান হিসেবে সংশ্লিষ্ট ক্ষমতা অর্পিত।

১০) 'সরকার' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকার।

১১) 'হোল্ডিং কোম্পানি' অর্থ একটি কোম্পানি যা সাবসিডিয়ারি কোম্পানির নিয়ন্ত্রক সংস্থা হিসেবে একটি কোম্পানির সকল বিনিয়োগ অথবা এক বা একাধিক কোম্পানির সংখ্যাগরিষ্ঠ শেয়ার ধারণ করে।

১২) 'পুনর্বিন্যাস' অর্থ বাজেটের একটি আইটেম থেকে অন্য আইটেমের জন্য অর্থ হস্তান্তর।

১৩) 'অর্থ পরিদপ্তর' অর্থ পেট্রোবাংলার অর্থ পরিদপ্তর।

১৪) 'জিএফআর' অর্থ, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৯৮৩ সালের সাধারণ আর্থিক পদ্ধতি (১৯৫১ সালের জানুয়ারি মাসের জিএফআর এর পুনর্মুদ্রণ)।

১৫) 'পিপিআর' অর্থ ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধান।

শিডিউল-২

# পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক অর্পিত আর্থিক ক্ষমতা সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১) যে সকল বিষয় অর্পিত ক্ষমতার আওতাভুক্ত নয় তা চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবরে অনুমোদনার্থে উপস্থাপন করতে হবে।

২) সরকার/পেট্রোবাংলা কর্তৃক সুনির্দিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশনার সাথে অর্পিত ক্ষমতা সম্পর্কিত হবে।

৩) সকল ক্ষমতা নির্ধারিত পদ্ধতি/বিধি অনুসরণ করে অনুশীলন করতে হবে। এর কোন ব্যত্যয়ের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন নিতে হবে।

৪) পেট্রোবাংলার অনুমোদনের ক্ষেত্রে সকল বিষয়াবলী সংশ্লিষ্ট পরিচালক বরাবরে উপস্থাপন করতে হবে।

৫) মূল প্রাক্কলন/কার্যাদেশের অতিরিক্ত অনুমোদনার্থে নিম্নোক্তভাবে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে:-
অ) ১৫% পর্যন্ত চেয়ারম্যান কর্তৃক;
আ) ১৫% এর অধিক পরিচালনা বোর্ড কর্তৃক।

৬) কেবল কারিগরি/পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক/তথ্য/টেলিযোগাযোগ কাজের ডিজাইন/প্রাক্কলন ইত্যাদির ক্ষেত্রে সর্বাগ্রে কারিগরি অনুমোদন প্রয়োজন যা অনুমোদিত পিপি/ডিপিপি-তে অন্তর্ভুক্ত অথবা যার মূলধন বাজেট বা অন্যভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত।

৭) ক্ষতির জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করা হয়েছিল কিনা এবং ক্ষতি আদায়ের সকল চেষ্টা ব্যর্থ হওয়ার যথাযথ তদন্ত সাপেক্ষে ক্ষতি অবলোপনের সমস্ত প্রস্তাব করা হবে।

৮) পেট্রোবাংলা/কোম্পানিসমূহ/প্রকল্পসমূহের সকল রাজস্ব ও মূলধন ব্যয় বাজেটের সংস্থান সাপেক্ষে এবং সাধারণ রীতিনীতি অনুসরণ পূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষ।

৯) করপোরেশনের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের সকল ব্যয় প্রকল্প সম্পর্কিত বাস্তব ও আর্থিক কর্মসূচির আলোকে সাধারণ রীতিনীতি অনুসরণ পূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষ।

১০) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বাজেট বরাদ্দ থাকা সত্ত্বেও যদি বর্তমানে অথবা ভবিষ্যতে সেবা/কার্য সুবিধার আর্থিক সংশ্লেষ ঘটে, তবে সেবা/কার্য সুবিধার প্রাপ্যতার কোন পরিবর্তন হবে না।

১১) পেট্রোবাংলার জমি এবং ভবনসমূহ ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিদপ্তরের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।

১২) করপোরেশনের যথাবিহিত পদ্ধতি অনুসরণ এবং প্রশাসনিক অনুমোদনপূর্বক কোম্পানি/প্রকল্পের অতিরিক্ত/অব্যবহারযোগ্য মালামালের পরিমাণ এবং মূল্য নির্বিশেষে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করতে হবে। এমন মালামালের পরিবহন কোম্পানি/প্রকল্প প্রধানের মনোনীত উপযুক্ত কর্মকর্তা কর্তৃক পর্যবেক্ষণ সাপেক্ষে করতে হবে।

১৩) ভবিষ্যতে কর্তৃপক্ষের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিজ সুবিধার লক্ষ্যে খরচ অনুমোদনের ক্ষমতা ব্যবহার করে আর্থিক সম্পত্তি ব্যতীত কোন আদেশ জারী করবেন না (জিএফআর অধ্যায়-২ প্যারা-১০) (৩)।

১৪) প্রত্যেক দপ্তর/বিভাগীয় প্রধান আর্থিক আদেশ জোরদারকরণ এবং প্রতিটি স্তরে কঠোর মিতব্যয়িতার ব্যবস্থা গ্রহণ করবেন (জিএফআর অধ্যায়-২ প্যারা-১১)।

১৫) (১) কোন কর্তৃপক্ষ যাকে তৎসংশ্লিষ্ট ক্ষমতায়ন করা হয়নি সে এতদ্সম্পর্কিত কোন চুক্তি করতে পারবে না (জিএফআর অধ্যায়-২ প্যারা-১৮)।
(২) কোন চুক্তির শর্তাবলী যথাযথ ও সুনির্দিষ্ট হতে হবে। যার মধ্যে দ্ব্যর্থকতা বা ভুল ধারণার অবকাশ থাকবে না (জিএফআর অধ্যায়-২ প্যারা-১৯) (১)।
(৩) যথাসম্ভব/সর্বক্ষেত্রে চুক্তির আদর্শ ফরম্যাট গ্রহণ করতে হবে (জিএফআর অধ্যায়-২ প্যারা-১৯) (৩)।

(৪) খসড়া চুক্তি চূড়ান্তকরণের ক্ষেত্রে যথাসম্ভব আইনগত ও আর্থিক পরামর্শ নিতে হবে (জিএফআর অধ্যায়-২ প্যারা-১৯) (২)।

১৬) অন্য কিছু নিশ্চিত না থাকলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরীপ্রাপ্ত কোন বিষয় মঞ্জুরী আদেশ দানের তারিখ হতে কার্যকর হবে (জিএফআর অধ্যায়-৪ প্যারা-৫৭)।

১৭) প্রধান ক্রয় কর্মকর্তা (Hope - Head of Procuring Entity) হিসেবে পেট্রোবাংলার চেয়ারম্যান আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন। এই আদেশবলে বোর্ডের অনুমোদনকারী কর্মকর্তা এই আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। অর্পিত আর্থিক ক্ষমতা কেউ পুনঃঅর্পণ করতে পারবেন না।

১৮) আর্থিক ক্ষমতা প্রয়োগের সময় General Principles and Rules of Audit অনুচ্ছেদ-৮৫ এর বর্ণিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

শিডিউল-৩

## প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক স্পেশাল গাইড লাইন ও নির্দেশনা বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়সমূহ

১) পেট্রোবাংলার নতুন পদ সৃষ্টি।

২) সরকারি নির্দেশনা/গাইড লাইন মোতাবেক যানবাহন ক্রয়।

৩) সময়ে সময়ে সরকারি নির্দেশনা মোতাবেক করপোরেশন অথবা এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের উৎপাদিত গ্যাস/তৈল/কয়লা/গ্রানাইট ইত্যাদি পণ্যের মূল্যের উপর প্রভাব বিস্তারকারী এবং উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কোম্পানিসমূহের মধ্যে রাজস্ব ভাগাভাগি সংশ্লিষ্ট প্রস্তাব।

৪) পিপি/ডিপিপি/টিএপিপি/এসপিপি অথবা অন্য কোন প্রকল্প প্রস্তাব অনুমোদন (পেট্রোবাংলা বোর্ডের অনুমোদনক্রমে)।

৫) ৩০.০০ কোটি টাকার বেশি মূল্যের স্টোরস্, ইক্যুইপমেন্টস্ ও স্পেয়ারস্ ক্রয়।

৬) ৮.০০ কোটি টাকার অধিক মূল্যের পরামর্শক সেবা সংগ্রহ।

৭) ডিবেঞ্চার ঋণ।

৮) উৎপাদন বণ্টন চুক্তি।

৯) পেট্রোবাংলার অধীন সাবসিডিয়ারি কোম্পানির শেয়ার অফলোড।

১০) অন্য কোন বিষয় যা করপোরেশন কর্তৃপক্ষের আওতাভুক্ত নয়।

শিডিউল-৪

## পেট্রোবাংলার অর্থ পরিদপ্তরের মতামত গ্রহণযোগ্য বিষয়সমূহ

১) চলতি অর্থ বছরের স্থানীয় মুদ্রা ও বৈদেশিক মুদ্রা এর বাড়তি পরিমাণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হওয়া।

২) বাজেট সংস্থানের অতিরিক্ত স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় ব্যয়ের প্রস্তাব।

৩) বাজেটে এক আইটেম থেকে অন্য আইটেমে পরিমাণ পুনঃউপযোজন।

৪) নতুন পদসমূহ সৃষ্টিজনিত আর্থিক সংশ্লেষ।

৫) সাইট ও ভবনের অধিগ্রহণের জন্য বাজেট বরাদ্দকরণ।

৬) ভবন নির্মাণের জন্য বাজেট বরাদ্দকরণ।

৭) আইটেমসমূহ যা পরিষ্কারভাবে মূলধন ব্যয় নির্ধারণীয়।

৮) যানবাহনসমূহ ক্রয়ের জন্য আর্থিক সংশ্লেষ।

৯) বিশেষ ধরণের ও ব্যতিক্রমী কাজের জন্য কর্মকর্তাদের/কর্মচারীদের সম্মানী মঞ্জুরীর বাজেট বরাদ্দকরণ।

১০) করপোরেশনের অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব এর জন্য ভাতা পরিশোধকরণ।

১১) আর্থিক বিধিসমূহ, প্রবিধানসমূহ ও আদেশসমূহ এর স্পষ্টীকরণ।

১২) করের লেভী, গ্যাস/তৈল/কয়লা/গ্রানাইট ও পণ্যের মূল্য, উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কোম্পানিসমূহের মধ্যে রাজস্ব আয় ভাগ-বন্টন সংশ্লিষ্ট প্রস্তাবসহ করপোরেশন বা এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের রাজস্ব আয় প্রভাবিত করতে পারে এমন প্রস্তাব।

শিডিউল-৫

## পূর্ত, মালামাল, ইক্যুইপমেন্টস্, স্পেয়ারস্ ও মেশিনারিজ ক্রয় কার্য পরিচালনা করার নির্দেশনা

ক্রয়

১) সকল ক্রয় কার্যাদি অবশ্যই পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্নযোগ্য।

দরপত্রের আবশ্যকীয়তা

২) সকল দরপত্র অবশ্যই পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্নযোগ্য।

স্পেয়ারস্ ও সার্ভিসের জরুরি ক্রয়

৩) সকল জরুরি ক্রয় অবশ্যই পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্নযোগ্য।

বহিঃসহযোগিতার অর্থায়নে দরপত্র

৪) সংশ্লিষ্ট সকল দরপত্র অবশ্যই পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্নযোগ্য।

শিডিউল-৬

## আর্থিক ক্ষমতার বিশেষ হস্তান্তর

## ক. প্রধান কার্যালয়

### (ক) পূর্ত কাজ অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| উন্নয়ন খাত | | | |
| ১। | বোর্ড | অনূর্ধ্ব ৩০.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ২৫.০০ কোটি টাকা | -ঐ- |
| অনুন্নয়ন খাত | | | |
| ২। | বোর্ড | অনূর্ধ্ব ৩০.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ১৬.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-৭

### (খ) পণ্য/সরঞ্জামাদি/যন্ত্রপাতি ক্রয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| উন্নয়ন খাত | | | |
| ১। | বোর্ড | অনূর্ধ্ব ৩০.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ২০.০০ কোটি টাকা | -ঐ- |
| অনুন্নয়ন খাত | | | |
| ২। | বোর্ড | অনূর্ধ্ব ৩০.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ৮.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-৮

## (গ) পরামর্শক সেবা অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| উন্নয়ন খাত | | | |
| ১। | বোর্ড | অনূর্ধ্ব ৮.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ৭.০০ কোটি টাকা | -ঐ- |
| অনুন্নয়ন খাত | | | |
| ২। | বোর্ড | অনূর্ধ্ব ৮.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | চেয়ারম্যান | অনূর্ধ্ব ২.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-৯

## (ঘ) দরপত্র বিজ্ঞপ্তি ব্যতিরেকে কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| অনুন্নয়ন খাত | | | |
| ১। | চেয়ারম্যান | পণ্য এবং সংশ্লিষ্ট সেবার জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ৫.০০ লক্ষ টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ৩০.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | কার্যাদি বিষয়ক সেবা: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ১০.০০ লক্ষ টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ৬০.০০ লক্ষ টাকা | -ঐ- |

শিডিউল-১০

## (ঙ) দরপত্র বিজ্ঞপ্তি ব্যতিরেকে সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| অনুন্নয়ন খাত | | | |
| ১। | চেয়ারম্যান | কম দামি পণ্য/যন্ত্রপাতি-র জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ২৫.০০ হাজার টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | কার্যাদি বিষয়ক সেবা: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে অনূর্ধ্ব ১.০০ লক্ষ টাকা | -ঐ- |
| | | বিভাগীয় প্রয়োজনে মজুরির উপর ফোর্স অ্যাকাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতি ক্ষেত্রে অনূর্ধ্ব ৩.০০ লক্ষ টাকা | -ঐ- |
| | | সংকটাবস্থা, প্রাকৃতিক দুর্যোগ অথবা জরুরি অবস্থায় জরুরি অথবা প্রয়োজনীয় পণ্য, কাজ অথবা সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০.০০ লক্ষ টাকা কিন্তু বিশেষ ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-১১

## (চ) তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদার-এর নিকট হতে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) এর মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| অনুন্নয়ন খাত | | | |
| ১। | বোর্ড | পণ্যের জন্য: অনূর্ধ্ব ২৫.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | কার্যাদি: অনূর্ধ্ব ২.০০ কোটি টাকা | -ঐ- |
| | চেয়ারম্যান | পণ্যের জন্য: অনূর্ধ্ব ২৫.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | কার্যাদি: অনূর্ধ্ব ২.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-১২

## (ছ) একক উৎস হতে পরামর্শকগণ/উপদেষ্টাগণ-কে নিয়োগের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| অনুন্নয়ন খাত | | | |
| ১। | বোর্ড | স্বতন্ত্রের জন্য: ১০.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | ব্যবসালয়ের জন্য: ২০.০০ লক্ষ টাকা | -ঐ- |
| | চেয়ারম্যান | পণ্যের জন্য: ১০.০০ লক্ষ টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক |
| | | কার্যাদির জন্য: ২০.০০ লক্ষ টাকা | -ঐ- |

শিডিউল-১৩

## (জ) (১) মূল প্রাক্কলনে উল্লিখিত মূল্যের অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | বোর্ড | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | পরিচালক (অর্থ)-এর সহিত পরামর্শক্রমে চেয়ারম্যান | অনূর্ধ্ব ১৫% | -ঐ- |

## (জ) (২) মূল কার্যাদেশ/চুক্তিমূল্যে উল্লিখিত মূল্যের অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | বোর্ড | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | পরিচালক (অর্থ)-এর সহিত পরামর্শক্রমে চেয়ারম্যান | অনূর্ধ্ব ১৫% | -ঐ- |

শিডিউল-১৪

## (ঝ) ভূমি, ভবন ও সম্পদ/সম্পত্তি ক্রয়ের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | (ক) বাজেট/এডিপি সংস্থান সাপেক্ষে<br>(খ) সংশ্লিষ্ট উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক-কে আহ্বায়ক করে গঠিত কমিটি কর্তৃক মূল্যায়ন করাতে হবে<br>(গ) সরকারি নির্দেশিকাসমূহ/গাইড লাইনসমূহ অনুসরণ সাপেক্ষে (যদি থাকে) |

শিডিউল-১৫

## (ঞ) পরিবহন, আসবাবপত্র, অফিস সরঞ্জামাদি এবং অন্যান্য মূলধনী ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | যানবাহন | পরিচালক (অর্থ)-এর সম্মতিক্রমে চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান এবং প্রয়োজনে সরকারি ছাড় সাপেক্ষে এবং পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অবলম্বনে |
| ২। | আসবাবপত্র, ফিক্সচার (Furniture & Fixture), অফিস সরঞ্জামাদি ক্রয় এবং মূলধন সাপেক্ষে অন্যান্য ব্যয় | (ক) পরিচালক (অর্থ)-এর সম্মতিক্রমে চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান এবং প্রয়োজনে সরকারি ছাড় সাপেক্ষে এবং পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অবলম্বনে |
| | | (খ) পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ১.৫০ লক্ষ টাকা | -ঐ- |
| | | (গ) মহাব্যবস্থাপক (প্রশাসন) | অনূর্ধ্ব ২০.০০ হাজার টাকা | -ঐ- |
| ৩। | বই, জার্নাল প্রভৃতি ক্রয় | লাইব্রেরীর ভারপ্রাপ্ত পরিচালক | পূর্ণ | -ঐ- |

শিডিউল-১৬

## (ট) চুক্তি স্বাক্ষর করার অ্যাটর্নি ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | সচিব, পেট্রোবাংলা | পূর্ণ | সঠিক প্রক্রিয়া অনুসরণ পূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত চুক্তি/সম্মতি |

শিডিউল-১৭

## (ঠ) ক্ষতি অবলোপনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | যথাযথ তদন্ত/অনুসন্ধান পূর্বক ক্ষতির দায়-দায়িত্ব নির্ধারণ ও ক্ষতিপূরণের সকল চেষ্টা ব্যর্থতা সাপেক্ষে |
| ২। | চেয়ারম্যান | অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকা | -ঐ- |

বি: দ্র: ক্ষতি অবলোপনের গাইড লাইন অনুসরণ সাপেক্ষে।

## (ড) অগ্রিম/নির্বাহকৃত ব্যয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বাড়ি নির্মাণ অগ্রিম | সংশ্লিষ্ট কমিটির সুপারিশক্রমে পরিচালক (প্রশাসন) | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| | যানবাহন অগ্রিম | -ঐ- | পূর্ণ | -ঐ- |
| | মোটরসাইকেল অগ্রিম | -ঐ- | পূর্ণ | -ঐ- |
| | কম্পিউটার অগ্রিম | -ঐ- | পূর্ণ | -ঐ- |
| ২। | টি.এ./ডি.এ. | | | |
| | ব্যবস্থাপক পদমর্যাদার কর্মকর্তা এবং তদুর্ধ্ব | সংশ্লিষ্ট পরিচালক | পূর্ণ | -ঐ- |
| | অন্যান্য কর্মকর্তা/ব্যবস্থাপক পদমর্যাদার নিম্নে কর্মচারী | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | পূর্ণ | -ঐ- |
| ৩। | সাধারণ অফিস ব্যয় এবং খুচরা ব্যয়, যেমন ফটোকপি, জরুরি অফিস সরঞ্জামাদি/মনোহরী দ্রব্যাদি প্রভৃতি ক্রয় | সংশ্লিষ্ট পরিচালক | ৮.০০ হাজার হতে ২৫.০০ হাজার টাকা পর্যন্ত | -ঐ- |
| | | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | অনূর্ধ্ব ৮.০০ হাজার টাকা | -ঐ- |
| ৪। | আবাসিক ভবনের সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| | | পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ১.০০ লক্ষ টাকা | -ঐ- |
| | | মহাব্যবস্থাপক (সেবা) | অনূর্ধ্ব ১০.০০ হাজার টাকা | -ঐ- |

## (ঢ) অফিসের সাধারণ ব্যয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | প্রাইজ প্রদান, নগদ পুরস্কার, সম্মানী প্রভৃতি | চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | অফিস/আবাসিক টেলিফোন স্থাপন | চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান এবং সরকারি নির্দেশনা সাপেক্ষে |
| ৩। | ক) ভাড়া:<br>১) অফিস সংস্থান<br>২) আবাসিক সংস্থান<br>৩) পরিবহন<br><br>খ) অফিসের স্থান ভাড়া | চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| ৪। | পরিচালনা পর্ষদের সম্মানী, সংবাদপত্র/সাপ্তাহিক এবং স্থানীয় পত্রিকা ক্রয় | সচিব | পূর্ণ | -ঐ- |
| ৫। | আইন খরচ/আইন উপদেষ্টার ফি | চেয়ারম্যান<br><br>সচিব | পূর্ণ<br><br>পূর্ণ (অনুমোদিত দর ও শিডিউল অনুযায়ী) | বাজেট সংস্থান সাপেক্ষে<br><br>বাজেট সংস্থান এবং সরকারি নির্দেশনা সাপেক্ষে |
| ৬। | কর উপদেষ্টার পারিশ্রমিক | পরিচালক (অর্থ) | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৭। | অনিবার্য অবহেলা অথবা ট্রাফিক আইন অবমাননা ব্যতীত ত্রুটির জন্য করপোরেশনের যানবাহনের ড্রাইভারদের উপর বর্তিত জরিমানা প্রদানের অনুমোদন | পরিচালক (প্রশাসন) | পূর্ণ | -ঐ- |

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৮। | নিয়মিত বিজ্ঞাপন, যেমন:<br><br>অ) দরের আবশ্যিক শর্ত প্রভৃতি<br><br>আ) আইনি নোটিশ | <br><br>সচিব<br><br>চেয়ারম্যানের অনুমোদনক্রমে সচিব | <br><br>পূর্ণ<br><br>পূর্ণ | <br><br>বাজেট সংস্থান এবং সরকারি গাইডলাইন/ নির্দেশনা সাপেক্ষে<br><br>-ঐ- |
| ৯। | নিয়মিত বিজ্ঞাপন ব্যতীত অন্যান্য বিজ্ঞাপন, যেমন বুকলেট, ক্যাটালগ, সাহিত্য এবং অন্যান্য বিষয়াদি | ক) চেয়ারম্যান<br><br>খ) সচিব | পূর্ণ<br><br>অনূর্ধ্ব ৫.০০ হাজার টাকা | বাজেট সংস্থান এবং সরকারি নির্দেশনা সাপেক্ষে<br><br>-ঐ- |
| ১০। | টেলিভিশন/রেডিও-র মাধ্যমে বিজ্ঞাপন | চেয়ারম্যানের অনুমোদনক্রমে সচিব | পূর্ণ | -ঐ- |
| ১১। | বিভিন্ন প্রকাশনা মুদ্রণ | চেয়ারম্যানের অনুমোদনক্রমে সচিব | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ১২। | ডাকমাসুল, ফ্যাক্স, টেলিগ্রাম/টেলিযোগাযোগ, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস ও ওয়াসা বিল এবং ভবনের ভাড়া, ট্যাক্স ইত্যাদি | মহাব্যবস্থাপক (সেবা) | পূর্ণ | বাজেটে অর্থ সংস্থান সাপেক্ষে |
| ১৩। | গ্রুপ বীমা | মহাব্যবস্থাপক (হিসাব) | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ১৪। | যানবাহনের বীমা ইত্যাদি | পরিচালক (প্রশাসন) এর অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক (সেবা) | পূর্ণ | -ঐ- |

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫। | অফিস ভবন/রেস্ট হাউজ-এর সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | ক) চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| | | খ) পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ১.০০ লক্ষ টাকা | -ঐ- |
| | | গ) মহাব্যবস্থাপক (সেবা) | অনূর্ধ্ব ১০.০০ হাজার টাকা | -ঐ- |
| ১৬। | আসবাবপত্র, ফিক্সচার, অফিস সরঞ্জামাদি যেমন কম্পিউটার, ক্যালকুলেটর, ফটোকপি মেশিন প্রভৃতি সংস্কার এবং রক্ষণাবেক্ষণ, ফটোকপি, জরুরি অফিস সরঞ্জামাদি/স্টেশনারী ক্রয়, কনভেয়েন্স ইত্যাদি | ক) সংশ্লিষ্ট পরিচালক | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| | | খ) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | ১.০০ হাজার হতে ২.০০ হাজার টাকা পর্যন্ত | -ঐ- |
| | | গ) বিভাগের প্রধান হিসেবে উপ-মহাব্যবস্থাপক | অনূর্ধ্ব ১.০০ হাজার টাকা | -ঐ- |
| ১৭। | পিএবিএক্স, টেলেক্স, ফ্যাক্স মেশিন এবং ল্যান ও ইন্টারনেট ইত্যাদি সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | পরিচালক (প্রশাসন) | পূর্ণ | -ঐ- |
| ১৮। | পিওএল ক্রয় | পরিচালক (প্রশাসন) | পূর্ণ | প্রাপ্যতা/যানবাহন নীতিমালা অনুযায়ী বাজেটে অর্থ সংস্থান সাপেক্ষে |
| ১৯। | চাঁদা/দান ইত্যাদি | চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান এবং সরকারি গাইডলাইন/ নির্দেশনা সাপেক্ষে |
| ২০। | প্রশিক্ষণ খরচ: | | | |
| | ক) বৈদেশিক প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, সম্মেলন, পরিদর্শন ইত্যাদি | চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| | খ) স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, সম্মেলন ইত্যাদি | পরিচালক (প্রশাসন) | পূর্ণ | -ঐ- |

| ক্রমিক নং | বিবরণ | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২১। | যাতায়াত, টিএ/ডিএ প্রত্যর্পণ | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | পূর্ণ | বাজেট সংস্থান এবং সংশ্লিষ্ট নিয়ম/নির্দেশনা সাপেক্ষে |
| ২২। | প্রদর্শনীতে স্টল নির্মাণ | চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২৩। | উৎসব, অনুষ্ঠানে আলোকসজ্জা এবং অন্যান্য ব্যয় | চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| ২৪। | ব্যবসায়িক প্রচারণার সহিত সংশ্লিষ্ট ব্যয় | চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| ২৫। | পার্টি, কনফারেন্স/মিটিং ইত্যাদির সহিত সংশ্লিষ্ট আপ্যায়ন ব্যয় | ক) চেয়ারম্যান | পূর্ণ | -ঐ- |
| | | খ) সংশ্লিষ্ট পরিচালক | অনূর্ধ্ব ১০.০০ হাজার টাকা | -ঐ- |
| | | গ) সচিব | বোর্ড সভার জন্য অনূর্ধ্ব ৩০.০০ হাজার টাকা | -ঐ- |
| | | ঘ) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক | অনূর্ধ্ব ১.০০ হাজার টাকা | -ঐ- |
| ২৬। | প্রাধিকার বলে বিনামূল্যে প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ইউনিফর্ম, পোশাক, ছাতা ইত্যাদি অনুমোদন | পরিচালক (প্রশাসন) | পূর্ণ | বাজেট সংস্থান এবং প্রাধিকার সাপেক্ষে |
| ২৭। | যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ | পরিচালক (প্রশাসন) | *অনূর্ধ্ব ৭৫.০০ হাজার টাকা | বাজেটে অর্থ সংস্থান সাপেক্ষে |
| | | মহাব্যবস্থাপক (সেবা) | অনূর্ধ্ব ১০.০০ হাজার টাকা | -ঐ- |
| ২৮। | করপোরেশনের জন্য অডিটরদের পারিশ্রমিক | চেয়ারম্যান | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |

* এক অর্থবছরে একটি গাড়ির মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য ৭৫.০০ হাজার টাকার অধিক প্রয়োজন হলে বোর্ডের অনুমোদন প্রয়োজন হবে।

শিডিউল-২০

## (ণ) (১) বিল পাশ করার ক্ষমতা (বৈদেশিক মুদ্রা)

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান | পূর্ণ |

## (ণ) (২) বিল পাশ করার ক্ষমতা (স্থানীয় মুদ্রা)

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ |
|---|---|---|
| ১। | পরিচালক (অর্থ) | পূর্ণ (২.০০ লক্ষ টাকার উর্ধ্বে) |
| ২। | উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপক (হিসাব) | অনূর্ধ্ব ২.০০ লক্ষ টাকা<br>প্রশাসনিক অনুমোদন ও বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৩। | উপ-মহাব্যবস্থাপক (বেতন এবং ভাতা) | অনূর্ধ্ব ১.০০ লক্ষ টাকা<br>প্রশাসনিক অনুমোদন ও বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৪। | ব্যবস্থাপক (বেতন এবং ভাতা) | অনূর্ধ্ব ২০.০০ হাজার টাকা<br>প্রশাসনিক অনুমোদন ও বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৫। | উপ-ব্যবস্থাপক (বেতন ও বিল) | অনূর্ধ্ব ৫.০০ হাজার টাকা<br>প্রশাসনিক অনুমোদন ও বাজেট সংস্থান সাপেক্ষে |

শিডিউল-২১

## (ত) সংস্থার অকেজো মালামালসমূহ নিলামে বিক্রয় করার নিমিত্ত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংক্রান্ত

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | চেয়ারম্যান | পূর্ণ | কন্ডেমনেশন কমিটির পর্যবেক্ষণ এবং<br>নিয়মকানুন ও প্রবিধান প্রতিপালন সাপেক্ষে |

# খ. পেট্রোবাংলার অধীন প্রকল্পসমূহ

## (ক) প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণী | ক্ষমতার পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | পূর্ত কাজের অনুমোদনের ক্ষমতা | ১০০.০০ কোটি টাকার উপরে ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ২০.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি অনুসরণে এবং সকল ক্রয় পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্ন করতে হবে |
| | | ৫০.০০ কোটি হতে ১০০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ১৫.০০ কোটি টাকা | |
| | | অনূর্ধ্ব ৫০.০০ কোটি টাকা ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ১০.০০ কোটি টাকা | |
| ২। | মালামাল/যন্ত্রপাতি ও কলকজা ক্রয়ের অনুমোদনের ক্ষমতা | ১০০.০০ কোটি টাকার উপরে ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ১০.০০ কোটি টাকা | -ঐ- |
| | | ৫০.০০ কোটি হতে ১০০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ৫.০০ কোটি টাকা | |
| | | অনূর্ধ্ব ৫০.০০ কোটি টাকা ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ৩.০০ কোটি টাকা | |
| ৩। | পরামর্শক সেবা অনুমোদনের ক্ষমতা | ১০০.০০ কোটি টাকার উপরে ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ৫.০০ কোটি টাকা | -ঐ- |
| | | ৫০.০০ কোটি হতে ১০০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ৩.০০ কোটি টাকা | |
| | | অনূর্ধ্ব ৫০.০০ কোটি টাকা ব্যয়সম্পন্ন প্রকল্প | অনূর্ধ্ব ১.০০ কোটি টাকা | |
| ৪। | দরপত্রের বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা | পণ্য এবং সংশ্লিষ্ট সেবার জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ৫.০০ লক্ষ টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ৩০.০০ লক্ষ টাকা<br><br>কার্যাদি বিষয়ক সেবার জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ১০.০০ লক্ষ টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ৬০.০০ লক্ষ টাকা | | -ঐ- |

| ক্রমিক নং | বিবরণী | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ৫। | দরপত্রের বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদনের ক্ষমতা | কমদামী মালামাল/যন্ত্রপাতি-র জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ২৫.০০ হাজার টাকা কিন্তু প্রতিবছর সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা<br><br>কার্যাদি বিষয়ক সেবার জন্য: প্রতি ক্ষেত্রে থোক হিসেবে ১.০০ লক্ষ টাকা কিন্তু প্রধান ক্রয় কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে প্রতিবছর সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা<br><br>বিভাগীয় প্রয়োজনে মজুরির উপর ফোর্স অ্যাকাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতি ক্ষেত্রে অনূর্ধ্ব ৩.০০ লক্ষ টাকা<br><br>সংকটাবস্থা, প্রাকৃতিক দুর্যোগ অথবা জরুরি অবস্থায় জরুরি অথবা প্রয়োজনীয় পণ্য, কাজ অথবা সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০.০০ লক্ষ টাকা কিন্তু বিশেষ ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা | অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি অনুসরণে এবং সকল ক্রয় পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অবলম্বনে সম্পন্ন করতে হবে |
| ৬। | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদার -এর নিকট হতে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) এর মাধ্যমে ক্রয় অনুমোদনের ক্ষমতা | পণ্যের জন্য: অনূর্ধ্ব ২৫.০০ লক্ষ টাকা<br>কার্যাদির জন্য: অনূর্ধ্ব ২.০০ কোটি টাকা | -ঐ- |
| ৭। | একক উৎস হতে পরামর্শক/ উপদেষ্টাগণ-কে নিয়োগ প্রদানের ক্ষমতা | স্বতন্ত্রের জন্য: ১০.০০ লক্ষ টাকা<br>ব্যবসালয়ের জন্য: ২০.০০ লক্ষ টাকা | -ঐ- |
| ৮। | বৈদেশিক মুদ্রায় ব্যয় অনুমোদনের ক্ষমতা | অনূর্ধ্ব ৫.০০ হাজার ডলার | প্রতি ক্ষেত্রে বাজেট সংস্থান এবং বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত গাইড লাইন অনুসরণে |

| ক্রমিক নং | বিবরণী | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ৯। | জরুরি অবস্থায় যেমন বন্যা, বিস্ফোরণ ইত্যাদির ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারী, প্ল্যান্ট মেশিনারী, সম্পত্তি ইত্যাদির তাৎক্ষণিক সুরক্ষা ব্যয় | পেট্রোবাংলার চেয়ারম্যান বরাবর ৭২ ঘন্টার মধ্যে প্রতিবেদন দাখিল সাপেক্ষে সঠিক মর্মে বিবেচনায় পূর্ণ ক্ষমতা | নিয়ম/নির্দেশনা অনুসরণে এবং বাজেট সংস্থান সাপেক্ষে |
| ১০। | অবলোপনের ক্ষমতা | যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক প্রতি ক্ষেত্রে অনূর্ধ্ব ১৫.০০ হাজার টাকা অবলোপন ক্ষমতা। প্রকল্প পরিচালক পেট্রোবাংলার চেয়ারম্যানের অনুমোদনের নিমিত্ত ক্ষতির প্রতিবেদন দাখিল করবে। | -ঐ- |
| ১১। | বেতন, ভাতা এবং প্রান্তিক সুবিধাদি | পূর্ণ | -ঐ- |
| ১২। | ট্যাক্স, ট্যারিফ, জরিমানা, পৌর কর, টেলিগ্রাম/পোস্ট/টেলেক্স/পানি/বিদ্যুৎ/গ্যাস খরচ, টেলিফোন বিল, পরিবহন খরচ, লিগ্যাল খরচ, কাস্টম ডিউটি এবং ট্যাক্স, যানবাহন খরচ ইত্যাদি ব্যয় | পূর্ণ | -ঐ- |
| ১৩। | অফিস উপযোজন | পূর্ণ | -ঐ- |
| ১৪। | যানবাহন, ইক্যুইপমেন্টস্ প্রভৃতির মেরামত এবং রক্ষণা-বেক্ষণ | পূর্ণ | -ঐ- |
| ১৫। | বৈদেশিক বিশেষজ্ঞ/ প্রতিনিধিদের আপ্যায়ন | সংশ্লিষ্ট পরিচালকের পরামর্শক্রমে অনূর্ধ্ব ১৫.০০ হাজার টাকা | -ঐ- |
| ১৬। | প্রকল্প এলাকায় বাড়ি ভাড়া | সংশ্লিষ্ট পরিচালকের সম্মতিক্রমে পূর্ণ ক্ষমতা | -ঐ- |

নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে উপরিবর্ণিত ক্ষমতা প্রয়োগযোগ্য:

ক) বাজেট/বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে সংস্থান ও তহবিলের প্রাপ্যতা নিশ্চিতকরণ সাপেক্ষে ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।
খ) পিপিআর-২০০৮ এবং এর পরবর্তী সংশোধনী অনুসরণপূর্বক ক্রয়/সংগ্রহের সব প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদন করতে হবে।
গ) উপরিবর্ণিত অর্থের পরিমাণ একটি নির্দিষ্ট ঘটনা/আইটেম-এর জন্য প্রযোজ্য।
ঘ) খরচের আইটেমসমূহ নির্দিষ্ট প্রকল্পের আইটেমসমূহের সহিত সম্পর্কিত।
ঙ) প্রশাসনিক অনুমোদনের পূর্বে, নিয়ম এবং প্রবিধান অনুযায়ী প্রাপ্যতা বিবেচনা করতে হবে।

শিডিউল-২৩

## গ. কোম্পানিসমূহ

## (ক) কারিগরি/পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক/তথ্য/টেলিযোগাযোগ কার্যাদির কারিগরি অনুমোদনের ক্ষমতা

কোম্পানির বিভিন্ন ক্ষেত্রে কারিগরি অনুমোদনের ক্ষমতা পরিচালনা পর্ষদের সম্মতিক্রমে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক কোম্পানির সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধান-কে দেয়া হবে।

ডিজাইন, প্রাক্কলন ইত্যাদির শুধুমাত্র যেসব কাজসমূহের টেকনিক্যাল অনুমোদন প্রয়োজন এবং অনুমোদিত পিপি/ডিপিপি/পিএফএস/টিএপিপি অথবা মূলধন বাজেটে অন্তর্ভুক্ত অথবা অন্যভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদনের জন্য সুস্পষ্টকৃত।

শিডিউল-২৪

## (খ) পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক কার্যাদির প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | সুনির্দিষ্ট বাজেট সংস্থান এবং অনুমোদিত পিপি/ডিপিপি/টিএপিপি/পিএফএস অথবা অনুমোদিত মূলধনী বাজেট সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | -ঐ- |

বি: দ্র: প্রশাসনিক অনুমোদনের প্রতিটি ক্ষেত্রে সংশ্লিষ্ট টেকনিক্যাল প্রধানের নিকট দাখিল করতে হবে, যিনি তা পরীক্ষান্তে কারিগরি অনুমোদন প্রদানপূর্বক উপরিবর্ণিত উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

শিডিউল-২৫

## (গ) কারিগরি/পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক/তথ্য/টেলিযোগাযোগ কার্যাদির দরপত্র গ্রহণের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ ক্ষমতা | উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে গঠিত দরপত্র কমিটি কর্তৃক প্রক্রিয়াকরণ এবং বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | -ঐ- |

বি: দ্র: প্রাক্কলনের অতিরিক্ত অর্থ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিতরূপে অনুমোদিত হবে:

অ) পরিচালনা পর্ষদ - পরিচালনা পর্ষদের ব্যাপ্তি পর্যন্ত পূর্ণ ক্ষমতা।
আ) প্রধান নির্বাহী - মহাব্যবস্থাপক (অর্থ/হিসাব)-এর সম্মতিক্রমে অনূর্ধ্ব ১০%।

শিডিউল-২৬

## (ঘ) (১) মূল প্রাক্কলনে উল্লিখিত মূল্যের অধিক অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | বাজেটে অর্থ সংস্থান সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ১০% | -ঐ- |

## (ঘ) (২) মূল কার্যাদেশ/চুক্তিমূল্যে উল্লিখিত মূল্যের অতিরিক্ত অর্থ অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | বাজেটে অর্থ সংস্থান সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ১০% | -ঐ- |

শিডিউল-২৭

## (ঙ) স্থানীয় ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | বাজেটে নির্দিষ্টভাবে অর্থ সংস্থান এবং পিপি/ ডিপিপি/টিএপিপি/পিএফএস/এডিপি প্রজেক্ট এইড সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | -ঐ- |

শিডিউল-২৮

## (চ) বৈদেশিক ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | বাজেটে নির্দিষ্টভাবে অর্থ সংস্থান এবং পিপি/ ডিপিপি/টিএপিপি/পিএফএস/এডিপি প্রজেক্ট এইড সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | -ঐ- |

## (ছ) স্থানীয় ক্রয় সংক্রান্ত দরপত্র গ্রহণ ও অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | ক্ষমতার পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিচালনা পর্ষদ | প্রধান নির্বাহী | |
| ১। | নিলাম/দরপত্র গ্রহণ:<br><br>পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অবলম্বনে গৃহীত নিলাম/দরপত্র | পূর্ণ | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে গঠিত দরপত্র কমিটি কর্তৃক প্রক্রিয়াকরণ এবং বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | দরপত্র আহ্বান ব্যতীত রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হতে এবং/অথবা সরকার নিয়ন্ত্রিত দরে ক্রয় | পূর্ণ | অনূর্ধ্ব ২.০০ কোটি টাকা | -ঐ- |
| ৩। | কারণ লিপিবদ্ধকরণ সাপেক্ষে দরপত্র আহ্বান ব্যতীত স্বত্বাধিকারভূত মালামাল ক্রয় | পূর্ণ | অনূর্ধ্ব ১.০০ কোটি টাকা | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৪। | জরুরি প্রয়োজনে কারণ লিপিবদ্ধকরণ পূর্বক বিশেষায়িত কাজের জন্য অনূর্ধ্ব ২৫.০০ লক্ষ টাকা এবং মালামাল ও সেবার জন্য অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার ক্রয়াদেশ/কার্যাদেশ প্রদান | - | কাজের জন্য: অনূর্ধ্ব ২৫.০০ লক্ষ<br><br>মালামাল ও সেবার জন্য: অনূর্ধ্ব ১০.০০ লক্ষ | -ঐ-<br><br>-ঐ- |
| ৫। | যথাযথভাবে গঠিত কমিটির মাধ্যমে স্পট ক্রয়ের ক্ষমতা | - | অনূর্ধ্ব ২.০০ লক্ষ টাকা | -ঐ- |
| ৬। | সরাসরি ক্রয় | - | অনূর্ধ্ব ১.০০ লক্ষ টাকা (অপ্রত্যাশিত জরুরি সেবার জন্য)<br><br>অনূর্ধ্ব ২৫.০০ হাজার টাকা (মালামালের জন্য) | -ঐ-<br><br>-ঐ- |
| ৭। | কোটেশন ব্যতীত খুচরা ব্যয় | - | অনূর্ধ্ব ২৫.০০ হাজার টাকা | -ঐ- |
| ৮। | উপদেষ্টা/পরামর্শক | পূর্ণ | - | -ঐ- |
| ৯। | বন্যা, বিস্ফোরণ, আগুন ইত্যাদির ন্যায় জরুরি ক্ষেত্রে এবং কর্মচারী, যন্ত্রপাতি ও কলকজা, সম্পদ ইত্যাদির নিরাপত্তার জন্য তাৎক্ষণিক ব্যয় | চেয়ারম্যান বরাবর ৭২ ঘন্টার মধ্যে প্রতিবেদন দাখিল সাপেক্ষে সঠিক মর্মে বিবেচনায় পূর্ণ ক্ষমতা | - | |

বি: দ্র: ১। সকল ক্রয় পিপিআর-২০০৮ অনুসরণে করতে হবে।
২। অনূর্ধ্ব ২.০০ লক্ষ টাকা ক্রয় পিপিআর-২০০৮ অনুসরণে করা যেতে পারে।

## (জ) বৈদেশিক ক্রয় সংক্রান্ত দরপত্র গ্রহণ ও অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | ক্ষমতার পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পরিচালনা পর্ষদ | প্রধান নির্বাহী | |
| ১। | নিলাম/দরপত্র গ্রহণ:<br><br>পিপিআর-২০০৮ অনুযায়ী গৃহীত নিলাম অথবা দরপত্র | পূর্ণ | অনূর্ধ্ব ৪.০০ কোটি টাকা | উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে গঠিত দরপত্র কমিটি কর্তৃক প্রক্রিয়াকরণ এবং বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | কারণ লিপিবদ্ধকরণ সাপেক্ষে দরপত্র আহ্বান ব্যতীত স্বত্বাধিকারভূত মালামাল ক্রয় | পূর্ণ | অনূর্ধ্ব ১.০০ কোটি টাকা | বাজেট সংস্থান সাপেক্ষে |

বি: দ্র: সকল ক্রয় পিপিআর-২০০৮ ও এর পরবর্তী সংশোধনী অনুসরণে করতে হবে।

## (ঝ) সাধারণ অফিস ব্যয় অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | বিবরণ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | প্রধান নির্বাহী | |
| ১। | ট্যাক্স, শুল্ক, মূল্য এবং অন্যান্য রেগুলেটরী পেমেন্ট, বেতন এবং ভাতাদি, প্রান্তিক সুবিধাদি (Fringe Benefits) ইত্যাদি | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ২। | টিএ/ডিএ এবং চিকিৎসা ব্যয় | পূর্ণ | -ঐ- |
| ৩। | প্রচার এবং বিজ্ঞাপন | পূর্ণ | -ঐ- |
| ৪। | ক) অফিস/আবাসিক বাসভবন, গোডাউন ইত্যাদি ভাড়া<br>খ) অফিস একোমোডেশন ভাড়ার জন্য অগ্রিম | পূর্ণ | -ঐ- |
| ৫। | পরিবহন/যানবাহন ও ইক্যুইপমেন্টস্ মেরামত এবং রক্ষণাবেক্ষণ | পূর্ণ | বাজেট সংস্থান এবং সরকারি নিয়ম ও প্রবিধান প্রতিপালন সাপেক্ষে |
| ৬। | বৈদেশিক বিশেষজ্ঞ/ প্রতিনিধি-দের আপ্যায়ন | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৭। | নিরীক্ষকের ফি | পূর্ণ | কোম্পানির বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত ফি |
| ৮। | অ) অগ্রিম:<br>ক) ভূমি ক্রয় ও গৃহনির্মাণ<br>খ) কার<br>গ) মোটরসাইকেল<br>ঘ) বাইসাইকেল | পূর্ণ | যথাযথভাবে অনুমোদিত নিয়ম ও বাজেট সংস্থান সাপেক্ষে |
| | আ) অত্যাবশ্যক: অফিস খরচাদি | অনূর্ধ্ব ২৫.০০ হাজার টাকা | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৯। | কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের ইউনিফর্ম, পোশাক, ছাতা ইত্যাদি অনুমোদন | পূর্ণ | প্রাপ্যতা ও বাজেট সংস্থান সাপেক্ষে |

শিডিউল-৩২

## (ঞ) পরিবহন, আসবাবপত্র, সাজ-সরঞ্জাম, অফিস সরঞ্জাম এবং অন্যান্য মূলধনী ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | মালামাল | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | যানবাহন | পরিচালনা পর্ষদ | পূর্ণ | বাজেট সংস্থান এবং করপোরেশন/সরকার-এর ক্লিয়ারেন্স সাপেক্ষে |
| ২। | আসবাবপত্র, সাজ-সরঞ্জাম, অফিস সরঞ্জামাদি ক্রয় এবং অন্যান্য মূলধনী ব্যয় | প্রধান নির্বাহী | পূর্ণ | বাজেট সংস্থান সাপেক্ষে |
| ৩। | বই, জার্নাল ইত্যাদি ক্রয় | প্রধান নির্বাহী | পূর্ণ | -ঐ- |

শিডিউল-৩৩

## (ট) চুক্তি স্বাক্ষর করার অ্যাটর্নি ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | কোম্পানি সচিব | পূর্ণ | চুক্তি, সম্মতি, ঐকমত্য ইত্যাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রক্রিয়াকরণ এবং অনুমোদন সাপেক্ষে |

শিডিউল-৩৪

## (ঠ) ক্ষতি অবলোপনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ | যথাযথ তদন্ত/অনুসন্ধানপূর্বক ক্ষতির দায়-দায়িত্ব নির্ধারণ ও ক্ষতিপূরণের সকল চেষ্টা ব্যর্থতা সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ১৫.০০ হাজার টাকা | -ঐ- |

শিডিউল-৩৫

## (ড) কোম্পানির অব্যবহার্য মালামালসমূহ নিলামে বিক্রয়ের প্রশাসনিক এবং আর্থিক অনুমোদনের ক্ষমতা

| ক্রমিক নং | কর্তৃপক্ষ | ক্ষমতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | পরিচালনা পর্ষদ | পূর্ণ ক্ষমতা | সঠিকভাবে গঠিত কন্ডেমনেশন কমিটি কর্তৃক নিয়মকানুন ও প্রবিধান প্রতিপালন পর্যবেক্ষণ সাপেক্ষে |
| ২। | প্রধান নির্বাহী | অনূর্ধ্ব ৭৫.০০ হাজার টাকা | কন্ডেমনেশন কমিটি কর্তৃক মূল্য ধার্যকরণ সাপেক্ষে |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫

তারিখঃ ১ ভাদ্র, ১৪২২ বং / ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) অর্পণ।

উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যমান অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) পর্যালোচনাপূর্বক ২২/১২/২০০৪ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৮৩৮ নং, ০৪/০৫/২০০৮ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯২ ও ৯৯৩ নং এবং ১৭/০৪/২০১১ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৮৯ নং স্মারকসমূহে বর্ণিত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। বর্ণিত তালিকায় ইতোমধ্যে সরকার কর্তৃক অনুমোদিত সরকারি ক্রয় আইন (PPR 2006) এবং সরকারি ক্রয় বিধিমালা (PPR 2008) এর আওতায় আনীত সংশোধন প্রতিফলিত হয়েছে।

২। এই স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান এবং সংশ্লিষ্ট বিষয়সমূহের সময়-সময় জারীকৃত সরকারি আদেশ/সার্কুলার পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে।

৩। মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের উপর অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োজনবোধে অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগকে অবহিতকরণপূর্বক অধিনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

৪। এ পরিপত্রের মাধ্যমে অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তা সরকারি বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা, দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করবেন। এই আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের সুযোগ গ্রহণ করে

সংশ্লিষ্ট সকলের পক্ষে প্রকল্পের সুষ্ঠু ও ত্বরিত বাস্তবায়ন এবং সরকারি অর্থ ব্যয়ের জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে সরকার আশা করে।

৫। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
(মাহবুব আহমেদ)
সিনিয়র সচিব

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, .................................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ................................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান........................................................................................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ...................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫

তারিখঃ ১ ভাদ্র, ১৪২২ বং / ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

১৬/৮/১৫
(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

সংযোজনী

## উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | অস্থায়ী পদ সৃষ্টি ও সংরক্ষণ | নিম্নলিখিত শর্তসাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>১। অনুমোদিত ডিপিপি/টিপিপিতে পদের উল্লেখ থাকতে হবে।<br>২। বিদ্যমান পদগুলির জন্য নির্দিষ্ট বাজেট বরাদ্দ থাকতে হবে।<br>৩। প্রকল্প বাস্তবায়নকালের অতিরিক্ত সময়ের জন্য কোন পদ সংরক্ষণ করা যাবে না।<br>৪। পদ সৃষ্টিতে বিদ্যমান সরকারি আদেশ ও পরবর্তীতে সময় সময় জারীকৃত আদেশও অনুসরণ করতে হবে।<br>নোটঃ পদ সৃষ্টির অনুমোদন ও সংরক্ষণের আদেশের কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | নাই | নাই | নাই | নাই |
| ২ | বরাদ্দের উপযোজন/পুনঃ উপযোজন | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>ক) যে কর্তৃপক্ষ অর্থ উপযোজন করে খরচ করার ক্ষমতাবান নয় সে কর্তৃপক্ষ উপযোজন/পুনঃ উপযোজন করতে পারবে না।<br>খ) নিম্নলিখিত ক্ষেত্রসমূহে কোন উপযোজন/পুনঃউপযোজন করা যাবে নাঃ<br>(১) এক মঞ্জুরি থেকে অন্য মঞ্জুরিতে।<br>(২) কোন প্রধান খাতের অন্তর্ভুক্ত রাজস্ব ব্যয় হতে মূলধন ব্যয়ে অথবা মূলধন ব্যয় হতে রাজস্ব ব্যয়ে অথবা বেতন ও ভাতা শ্রেণি হতে অন্য কোন শ্রেণিতে।<br>(৩) অর্থবছর শেষ হওয়ার পর।<br>(৪) খরচের এমন আইটেম যা যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি।<br>(৫) বৈদেশিক মুদ্রায় খরচের বরাদ্দ হতে স্থানীয় মুদ্রায় এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য হতে স্থানীয় মুদ্রায়।<br>(৬) সিডি ভ্যাট খাত হতে অন্য কোন খাতে (তবে অন্য কোন খাত হতে সিডি ভ্যাট খাতে বরাদ্দ প্রয়োজনবোধে উপযোজন /পুনঃ উপযোজন করা যাবে)।<br>(৭) পূর্ত কাজের খরচের জন্য পাবলিক ওয়ার্কস একাউন্টস কোড এর এ্যাপেনডিক্স-৬ এর ৩১ ও ৩২ অনুচ্ছেদের শর্ত প্রযোজ্য হবে।<br>গ) উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা | নাই | নাই | নাই | নাই |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | এর সংলগ্নী-১ অনুযায়ী বিভিন্ন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ বন্টনপূর্বক বিভাজন আদেশ জারী এবং সংশোধন করতে পারবে। | | | | |
| ৩ | অনুমোদিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | নাই | নাই | নাই | নাই |
| ৪ | ইমপ্রেস্ট অনুমোদন | মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে ক-শ্রেণি, খ-শ্রেণি ও গ-শ্রেণির প্রকল্প পরিচালকদের জন্য যথাক্রমে ১.০০ লক্ষ টাকা, ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা পর্যন্ত ইমপ্রেস্ট মঞ্জুর করতে পারবেঃ<br>১) ইমপ্রেস্টের অর্থ নিম্নের ৩৮ নং আইটেমে উল্লেখিত সাধারণ শর্ত পালনপূর্বক ব্যবহার করা যাবে।<br>২) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে চূড়ান্তভাবে ইমপ্রেস্ট সমন্বয় করতে হবে এবং আর কোন ইমপ্রেস্ট উত্তোলন করা যাবে না। | নাই | নাই | নাই | নাই |
| ৫ | উন্নয়ন প্রকল্পের গাড়ি/ যানবাহন মেরামত | নিম্নলিখিত শর্ত এবং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে বৎসরে ১টি যানবাহনের জন্য অনুর্ধ ১.০০ লক্ষ টাকা।<br>১. সরকারি যানবাহন কারখানা কর্তৃক প্রত্যায়িত হতে হবে যে, তারা উক্ত মেরামত করতে অসমর্থ;<br>২. এতদ্‌সংশ্লিষ্ট প্রচলিত বিধি বিধান ও সরকারি আদেশ নির্দেশ অনুসরণ করতে হবে;<br>৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরি এড়ানোর উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাবে না। | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে একটি যানবাহনের জন্য অনুর্ধ ৭৫ হাজার টাকা | কলাম-৩ এ বর্ণিত শর্তসাপেক্ষে এক বছরে একটি যানবাহনের জন্য অনুর্ধ ৫০ হাজার টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৬ | প্রকল্পের গাড়ীর জন্য জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট ক্রয় | জ্বালানী, অয়েল ও লুব্রিকেন্ট ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ থাকা এবং সময় সময় পিওএল ব্যবহার ও প্রকল্পের যানবাহন ব্যবহার সম্পর্কে জারীকৃত নির্দেশনা পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ৭ | মনিহারী দ্রব্যাদি ক্রয় অনুমোদন | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | নিম্নরূপ শর্ত সাপেক্ষে এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্তঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

(স্বাক্ষর) ২/৮/১৫

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্দ্ধে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্দ্ধে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| (ক) | অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র এবং সংশ্লিষ্ট সেবা ক্রয় (বিঃ দ্রঃ অফিস সরঞ্জাম বলতে কম্পিউটার, প্রিন্টার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্ক্যানার, ফ্যাক্স, ফটোকপিয়ার ইত্যাদি) | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| (খ) | অফিস সরঞ্জাম, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি মেরামত | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| (ক) | বাইসাইকেল ক্রয় | বিদ্যমান সরকারি আদেশ, বাজেট বরাদ্দ ও ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| (খ) | মোটর সাইকেল ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত |
| (গ) | মোটর সাইকেল/ বাইসাইকেল মেরামত | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১০ | বই, সাময়িকী, সংবাদপত্র ও মানচিত্র ইত্যাদি ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১১ | দেশী নৌকা ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১২ | যান্ত্রিক জলযান ক্রয় | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই | নাই |
| ১৩ | মোটর গাড়ী ক্রয় | ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ, গাড়ী ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের পূর্বসম্মতি থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ১ কোটি টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৭৫ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্তসাপেক্ষে ৩৫ লক্ষ টাকা পর্যন্ত | নাই |
| ১৪ | বিদ্যুৎ, পানির বিল এবং | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর | কলাম-৩ এর |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | অন্যান্য কর পরিশোধ | | | | অনুরূপ | অনুরূপ |
| ১৫ | ডাক, টেলিগ্রাফ, টেলেক্স, ফ্যাক্স, ই-মেইল, ইন্টারনেট এবং টেলিফোন বিল পরিশোধ | বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ এবং ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ১৬ | সার্ভিস পোষ্টেজ | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৭ | মুদ্রণ ব্যয় | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | ১ লক্ষ টাকা পর্যন্ত | ৫০ হাজার টাকা পর্যন্ত | ৫০ হাজার টাকা পর্যন্ত |
| ১৮ | পরিবহন ব্যয় | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ১৯ | আইন সংক্রান্ত ব্যয় | 'রিমেমব্রেন্সার্স ম্যানুয়্যাল'এর শর্ত পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | নাই | নাই |
| ২০ | অনাবাসিক ভবন ভাড়া | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>১) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আয়তন অতিক্রম করা যাবে না।<br>২) ভবন প্রকৃত পক্ষে অফিস হিসেবে ব্যবহার করা হবে।<br>৩) অর্থ বিভাগের সম্মতিক্রমে জারীকৃত সার্কুলার অনুযায়ী বাজেট বরাদ্দ সাপেক্ষে নির্ধারিত হারে ভাড়া প্রদান করতে হবে। তবে মন্ত্রণালয়/বিভাগ নির্ধারিত হারের চেয়ে সর্বোচ্চ ২৫% বেশী হারে ভাড়া মঞ্জুর করতে পারবে।<br>৪) প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ছয় মাসের অগ্রিম ভাড়া মঞ্জুর করতে পারবে। | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ঢাকা ও অন্যান্য সিটি কর্পোরেশনের অধীন এলাকার জন্য প্রতি মাসে ১ লক্ষ টাকা পর্যন্ত । সিটি কর্পোরেশনসমূহের বাইরে অন্যান্য শহরে প্রতি মাসে ৪০ হাজার টাকা পর্যন্ত | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ | কলাম-৪ এর অনুরূপ |
| ২১ | প্রকল্পের টেকনিক্যাল কাজের জন্য যন্ত্রপাতির ভাড়া (যেমন-রোড রোলার, কম্প্যাকশন ইকুইপমেন্ট, কনক্রিট মিকচার মেশিন ইত্যাদি) | বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |
| ২২ | সরকারী গাড়ী/যানবাহন নিবন্ধন ও ফিটনেস বাবদ ব্যয় | ক) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকা এবং বিদ্যমান বিধি ও শর্ত পালন, বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা।<br>খ) মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক নিবন্ধন ফি ও ফিটনেস এর জন্য প্রয়োজনীয় অর্থ অগ্রিম উত্তোলনের অনুমোদন | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ২৮ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয় অনুমোদন {পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৮৮(১) অনুযায়ী} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ২০ লক্ষ টাকা পর্যন্ত।<br>শর্তাবলীঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

| ক্রমিক | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | পালন করতে হবে। | | |
| ২৯ | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ ক্রমিক ২৮ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩০ | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি সর্বাধিক ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম সর্বাধিক ২০.০০ লক্ষ টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩১ | প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও গবেষণা ব্যয় | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>(১) ক্রমিক নং ৩৮ এ বর্ণিত শর্তাদি পালন করতে হবে।<br>(২) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং বার্ষিক উন্নয়ন বাজেটে বরাদ্দ থাকতে হবে।<br>(৩)প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এ সকল কর্মকান্ড পরিচালনার জন্য ডিপিপি/টিপিপিতে নির্ধারিত হার ও নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি , প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের ফি, আপ্যায়ন হার ইত্যাদি উল্লেখপূর্বক সার্কুলার জারী করতে হবে। ডিপিপি/টিপিপিতে এ বিষয়ে কোন হার ও নীতিমালা উল্লেখ না থাকলে সেক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত সার্কুলার জারী করতে হবে।<br>(৪) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারী দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ, সেমিনার অনুষ্ঠানের জন্য আপ্যায়ন ও প্রশাসনিক ব্যয় ইত্যাদির বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।<br>(৫) এ সকল কর্মকান্ডের উদ্দেশ্য, সম্ভাব্য ব্যয়, আয়োজনের তারিখ, অংশগ্রহণকারী/ প্রশিক্ষক/ রিসোর্স পার্সন এর শ্রেণি, পদবি ও সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসহ সকল উৎস থেকে | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৫০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৩০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ২৫ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ২০ লক্ষ টাকা |

| ক্রমিক | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | পালন করতে হবে। | | |
| ২৯ | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ ক্রমিক ২৮ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩০ | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি সর্বাধিক ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম সর্বাধিক ২০.০০ লক্ষ টাকা | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩১ | প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও গবেষণা ব্যয় | নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতাঃ<br>(১) ক্রমিক নং ৩৮ এ বর্ণিত শর্তাদি পালন করতে হবে।<br>(২) ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং বার্ষিক উন্নয়ন বাজেটে বরাদ্দ থাকতে হবে।<br>(৩)প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এ সকল কর্মকান্ড পরিচালনার জন্য ডিপিপি/টিপিপিতে নির্ধারিত হার ও নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি , প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের ফি, আপ্যায়ন হার ইত্যাদি উল্লেখপূর্বক সার্কুলার জারী করতে হবে। ডিপিপি/টিপিপিতে এ বিষয়ে কোন হার ও নীতিমালা উল্লেখ না থাকলে সেক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত সার্কুলার জারী করতে হবে।<br>(৪) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারী দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, প্রশিক্ষণ ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ, সেমিনার অনুষ্ঠানের জন্য আপ্যায়ন ও প্রশাসনিক ব্যয় ইত্যাদির বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।<br>(৫) এ সকল কর্মকান্ডের উদ্দেশ্য, সম্ভাব্য ব্যয়, আয়োজনের তারিখ, অংশগ্রহণকারী/ প্রশিক্ষক/ রিসোর্স পার্সন এর শ্রেণি, পদবি ও সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসহ সকল উৎস থেকে | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৫০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ৩০ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ২৫ লক্ষ টাকা | কলাম-৩ এর শর্ত সাপেক্ষে ২০ লক্ষ টাকা |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | বাস্তবায়নযোগ্য সকল কর্মকান্ডের একটি যৌথ ত্রৈমাসিক/বার্ষিক পরিকল্পনা প্রণয়নপূর্বক তা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | | | | |
| ৩২ | ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, গবেষণা কার্যক্রম, সামাজিক উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্দের অংশ থেকে অগ্রিম অনুমোদন। | ক্রমিক নং ৩১ এর কলাম ৩ এবং ৩৮ এ বর্ণিত শর্তাদি পালন সাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয় প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত অগ্রিম উত্তোলনের অনুমোদন দিতে পারবে। | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৬০ হাজার টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৪০ হাজার টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৩০ হাজার টাকা পর্যন্ত |
| ৩৩ | পূর্ত কাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন *১ | ৫০ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১)অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৩০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ২০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৪ | প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/মালামাল/ যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা চুক্তি অনুমোদন *১ (যন্ত্রপাতি বলতে ৮(ক), ৯(ক), ৯(খ) এবং ১১-১৩ তে উল্লিখিত সরঞ্জামাদি/যন্ত্রপাতি/ মালামাল ব্যতীত) | ৫০ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ২০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৫ | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের চুক্তি অনুমোদন *১ | ১০ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন | ৭ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | | | |
| ৩৬ | ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা ইত্যাদি | ডিপিপি/টিপিপিতে অন্তর্ভুক্ত থাকা, বিদ্যমান বিধি ও শর্ত পালন এবং বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৩০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ২০ লক্ষ টাকা পর্যন্ত | কলাম-৩ এর শর্ত পালন সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত |
| ৩৭ | অধস্তন কর্মকর্তাদের নিকট অধিকতর আর্থিক ক্ষমতা হস্তান্তর/পুনঃঅর্পণ | মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক প্রয়োজন মনে করলে অর্থ বিভাগকে অবহিত রেখে উপর্যুক্তভাবে তাদের উপর অর্পিত ক্ষমতা তাদের অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করতে পারবেন। তবে ক্রমিক নং-৪ এ বর্ণিত ইমপ্রেষ্ট সংক্রান্ত ক্ষমতা অধীনস্ত কর্মকর্তার নিকট পুনঃঅর্পণ করা যাবে না এবং প্রকল্প পরিচালকের নীচে কোন কর্মকর্তার নিকট ইমপ্রেষ্ট প্রদান করা যাবে না। | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ | কলাম-৩ এর অনুরূপ |

*১ সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রিয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

৩৮। উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্নবর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবেঃ

(ক) বিদ্যমান আর্থিক ও প্রাসংঙ্গিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে;

(খ) সংশ্লিষ্ট ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট দ্রব্য/আইটেম অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এর বিপরীতে বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে;

(গ) যে সকল সেবা বা সরবরাহ সংগ্রহ করা হবে তার নির্দিষ্ট পরিমাণ ও সংখ্যা ডিপিপি/টিপিপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে;

(ঘ) বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না;

(ঙ) অগ্রিম গ্রহণের মাধ্যমে কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে অথবা অর্থবছরের ৩০ শে জুনের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে;

(চ) সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে সকল হিসাব সম্পন্ন করতে হবে;

(ছ) অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেংগে ভেংগে ক্রয় করা যাবে না;

(জ) ডিপিপি/টিপিপি অনুযায়ী ও বাজেট বরাদ্দের মধ্যেই অর্থ ব্যয় করা হয়েছে কিনা এবং পুনর্ভরণ দাবী দাখিল ও গ্রহণ সঠিক সময়ে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে প্রকৃত খরচ ও পুনভরণের ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে;

(ঝ) প্রশাসনিক মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে গৃহীত অগ্রিম এর সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ বিভাগে জুলাই মাসে প্রেরণ করবেন;

(ঞ) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা (অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়সমূহের তালিকা) এ বর্ণিত বিষয়গুলি সম্মতির জন্য অবশ্যই অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ট) ডসা/কোনটাসা/সেফ/ইমপ্রেষ্ট পদ্ধতিতে অর্থ ব্যবহারের জন্য বিধি ও পদ্ধতি অবশ্যই পালন করতে হবে;

(ঠ) উন্নয়ন সহযোগীর নির্দেশনা, প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই পালন করতে হবে এবং উপরে বর্ণিত নীতিমালা ও পদ্ধতির সাথে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬

তারিখঃ ০১ ভাদ্র ১৪২২ বং / ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা প্রদান।
খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা অর্পণ।

প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন ও ক্রয় সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে অর্থ বিভাগের ১১/০৯/২০০৪ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২, ৪/০৫/২০০৮ তারিখের অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯৪ ও ১৭/০৪/২০১১ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৯০ নং স্মারকসমূহের মাধ্যমে জারীকৃত গণখাতে কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। ইতঃপূর্বে জারীকৃত পরিপত্রে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে ছোট ও বড় ভাগে ভাগ করে ক্ষমতা অর্পণ করা হয়েছিল। সংস্থাসমূহকে ছোট ও বড় ভাগে ভাগ করার কারনে সৃষ্ট জটিলতা ও সংশয় দূরীকরণের লক্ষ্যে এ পরিপত্রে সংস্থাসমূহকে একই পর্যায়ে বিবেচনা করে ক্ষমতা অর্পণ করা হয়েছে।

২। তাছাড়া ৩০/০৭/২০০৯ তারিখের অম/অবি/বা-১১/বিবিধ-৪৬/২০০৭/৩৭৯ নং স্মারকের মাধ্যমে জারীকৃত সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদনের এ আর্থিক ক্ষমতা কেবলমাত্র অনুমোদিত উন্নয়ন/অনুন্নয়ন বাজেটে বরাদ্দ থাকাসহ পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথাবে পালন সাপেক্ষে প্রযোজ্য হবে।

৪। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ এর মূল্য যাই হউক না কেন সুবিধা প্রদান চুক্তি (Concession Contract: BOO, BOT, BOOT ইত্যাদ্বি), লীজ (Lease), সরবরাহকারী ঋণ (Suppliers Credit) এবং ক্রেতা ঋণ (Buyer's Credit) এর আওতায় সম্পাদিতব্য সকল চুক্তি অনুমোদন/সম্পাদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৫। (ক) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা ইতোমধ্যে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেছে এবং উক্ত আর্থিক ক্ষমতা যদি সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতা হতে অধিক হয়ে থাকে তবে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এখনও তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেনি বা অর্পণ করে থাকলেও তা সংযোজনীতে বর্ণিত ক্ষমতা হতে কম, সে সকল কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে উন্নীত বা পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সাথে স্বাক্ষরিত চুক্তিতে অন্তর্ভুক্ত আর্থিক ক্ষমতা ব্যবহারের নীতি ও পদ্ধতির সাথে এ আদেশ এবং সংযোজনীতে বর্ণিত নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

৬। মন্ত্রণালয়/বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান এবং বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/ব্যবস্থাপকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের অর্পিত আর্থিক ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে তাদের অধীনস্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে অর্পণ করতে পারবেন।

৭। প্রতি অর্থ বৎসরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়নপূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তাঁর দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হতে যে অনুমোদন গ্রহণ করা হবে তাই প্রশাসনিক অনুমোদন হিসেবে বিবেচিত হবে।

৮। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
(মাহবুব আহমেদ)
সিনিয়র সচিব

বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ........................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান........................................................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬

তারিখঃ ০১ ভাদ্র ১৪২২ বং
১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

১৬/৮/১৫
(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

ক) উন্নয়ন খাতঃ

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্দ্ধে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্দ্ধে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২৫ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১৫ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ১০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ৭ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯ (১), বিধি-৮২(১) ও বিধি ৬৯ (৬) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ২০ লক্ষ টাকা পর্যন্ত | | |
| ৫ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে : {পিপিআর-২০০৮ এর বিধি-৮১ (১), বিধি-৮২(১) ও বিধি=৭৬ (১)(ট) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত তবে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা। | | |
| ৬. | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পিপিআর-২০০৮ এর ৬৩(২) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্যঃ অনধিক ২.০০ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ২৭ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | | |
| ৭. | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | | |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৩ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

খ) অনুন্নয়ন খাতঃ

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ১৬ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল /সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ১০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| ৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯ (১), বিধি-৮২(১) ও বিধি=৬৯ (৬) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ১৫ লক্ষ টাকা পর্যন্ত | |
| ৫ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে : {পিপিআর-২০০৮ এর বিধি-৮১ (১), বিধি-৮২(১) ও বিধি=৭৬ (১) অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতি: প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br>খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়: প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৬

## পরিপত্র

বিষয়ঃ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য **'আর্থিক ক্ষমতা অর্পণ' (Delegation of Financial Powers) পুন:নির্ধারণ প্রসংগে।**

সূত্র: ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫০, তারিখ: ০৯/০২/২০১৪ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে অর্পিত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুণ:নির্ধারণ করা হলোঃ

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | পিপিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রধানমন্ত্রীর কার্যালয় | ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান (প্রধান নির্বাহী কর্মকর্তা) |
|---|---|---|---|
| ১. | পণ্য/মালামাল ইত্যাদি ক্রয় চুক্তি (রিকোয়েস্ট ফর কোটেশন [আরএফকিউ] পদ্ধতি ব্যতিত অন্য সকল পদ্ধতিতে) | পূর্ণ ক্ষমতা ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত)।<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১)'Public Private Partnership Technical Assistance Financing (পিপিপিপিটিএএফ) স্কীম ও গাইডলাইন, ২০১২'অনুযায়ী অনুমোদি ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত।<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিপিটিএএফ স্কীম ও গাইড লাইন, ২০১২'অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্ন বর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবেঃ

১ ও ২ পণ্য ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক ক্রয়ে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি অনুমোদন করবে;

৩. বিদ্যমান আর্থিক ও প্রাসঙ্গিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে।

৪. বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫% সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না।

৫. অর্থবছরের ৩০ জুনের মধ্যে অথবা কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে এবং সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬. সকল হিসাব সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।

৭. অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেঙ্গে ভেঙ্গে ক্রয় করা যাবে না।

২। সূত্রে উল্লেখিত পরিপত্রে বর্ণিত অন্যান্য আর্থিক ক্ষমতা এবং বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

৩। পুন:নির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে।

০৬/১২/১৬
(শাহাবুদ্দিন আহমদ)
অতিরিক্ত সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৭৬০০৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সদস্য, ........................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৫। অতিরিক্ত সচিব (সকল), অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত-সচিব (পিপিপি ইউনিট), অর্থ বিভাগ।
৭। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, পিপিপি অফিস, প্রধানমন্ত্রীর কার্যালয়, গুলশান-২, ঢাকা।
৯। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়/অর্থ বিভাগ।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৬

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

০৮/১২/২০১৬

(মো: হেলাল উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৭

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ প্রসংগে।

খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা পুন:নির্ধারণ প্রসংগে।

সূত্র: ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬, তারিখ: ১৬/০৮/২০১৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্যক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন এবং সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে অর্পিত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুণ:নির্ধারণ করা হলো ঃ

ক) উন্নয়ন খাতঃ

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ২৫ (পঁচিশ) কোটি টাকা পর্যন্ত | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ১৫ (পনের) কোটি টাকা পর্যন্ত | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ৭ (সাত) কোটি টাকা পর্যন্ত | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত | ১ (এক) কোটি টাকা পর্যন্ত |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৩ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ) অনুন্নয়ন খাতঃ

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ১৬ (ষোল) কোটি টাকা পর্যন্ত | ৪ (চার) কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ২ (দুই) কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত | ৮ (আট) কোটি টাকা পর্যন্ত | ২ (দুই) কোটি টাকা পর্যন্ত | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন ১০০ কোটি টাকার উর্ধ্বে, পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ২০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫ অথবা ৬ অনুসরণ করতে হবে।

*৩ জাতীয় বেতন স্কেলের পঞ্চম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

২। সূত্রে উল্লেখিত পরিপত্রে বর্ণিত অন্যান্য আর্থিক ক্ষমতা এবং বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

৩। পুন:নির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে।

(শোহাবুদ্দিন আহমদ)
অতিরিক্ত সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৭৬০০৯

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ........................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান........................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৭

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

(মো: হেলাল উদ্দীন) ০৫/১২/২০১৬
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ **উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) পুন:নির্ধারণ প্রসংগে।**

সূত্র: ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪, তারিখ: ১৬/০৮/২০১৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত গত ১৬/০৮/২০১৫ তারিখে জারিকৃত পুস্তিকার ৩৩, ৩৪, ৩৫ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় প্রধান, প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণির) আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুণ:নির্ধারণ করা হলো:

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩৩ | পূর্ত কাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন *১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১৫ (পনের) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৪ | প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/মালামাল/ যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা চুক্তি অনুমোদন *১ | ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ২০ (বিশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |
| ৩৫ | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের চুক্তি অনুমোদন *১ | ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে। | ৭ (সাত) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১ (এক) কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |

| আর্থিক ক্ষমতা অর্পণ পুস্তিকার ক্র: নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণি (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | (৩) পিপিএ ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | | | |

*১ সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রিয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃকবাস্তবায়িত প্রকল্পসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

২। সূত্রে উল্লেখিত পরিপত্রে বর্ণিত অন্যান্য আর্থিক ক্ষমতা এবং বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

৩। পুন:নির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে।

০৬/১২/১৬

(শাহাবুদ্দিন আহমদ)
অতিরিক্ত সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৭৬০০৯

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। সদস্য, ........................................................................ বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। বিভাগীয় প্রধান........................................................................ (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০/৬৪৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৩ বং
০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

০৬/১২/২০১৬

(মো: হেলাল উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩